বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
Bangladesh Madrasah Education Board, Dhaka.
www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১,(অংশ-১২)/১০৪৯ তারিখঃ ১৮/০৮/২০১৫ খ্রিঃ।

# ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে আলিম একাদশ শ্রেণির (আলিম পরীক্ষা-২০১৭) রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

**এতদ্বারা** বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত এবং ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাযিল ও কামিল মাদরাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে (আলিম পরীক্ষা-২০১৭) আলিম একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ও অধ্যয়নরত শিক্ষার্থীদের সকল বিভাগের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলী নিম্নে দেয়া হ'ল।

**১. ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে আলিম একাদশ শ্রেণির রেজিস্ট্রেশন (অনলাইনে) e-SIF পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।**

২. e-SIF (Electronic Student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলীঃ
একাধিক বার T.T. Slip প্রিন্ট করা যাবে। মাদরাসা প্রধানের তত্ত্বাবধানে যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে **প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে**। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ (অস্থায়ী) তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল (প্রয়োজনে শিক্ষার্থীর স্বাক্ষরসহ) তালিকা হাতে পাওয়ার পর নির্ধারিত তারিখের মধ্যে **শুধুমাত্র এক বারের জন্য মাদরাসা প্রধান Confirm Password ব্যবহার করে Final Submission করবেন। Confirm Password ব্যবহার করার পর আর কোন শিক্ষার্থীর e- SIF পূরণ /এন্ট্রি করা যাবে না**। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদরাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি নির্ধারিত তারিখে জমা দানের জন্য প্রস্তুত করবেন। অন্যকপি মাদরাসা প্রধান সংরক্ষণ করবেন। **e-SIF এর ফটোকপি গ্রহনযোগ্য নয়।**

৩. ফি জমাদান এবং e-SIF **পূরণ ও** Submission এর তারিখঃ

| ক্রমিক | বিষয় | |
|---|---|---|
| ক) | ভর্তি নিশ্চায়নকৃত শিক্ষার্থীর স্বয়ংক্রিয় ভাবে প্রস্তুত করা T.T. Slip ওয়েবসাইট থেকে পাওয়ার পর রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর হতে টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের **e-SIF পূরণ /এন্ট্রি করা যাবে।** | |
| খ) | T.T. Slip পাওয়ার **বিষয়ে কোন সমস্যা হলে T.T. কৃত সোনালী ব্যাংক এর সাথে যোগাযোগ করে সোনালী ব্যাংক বি,এম,ই,বি শাখার মাধ্যমে দ্রুত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।** | |
| গ) | বিলম্ব ফি ছাড়া T.T. Slip বের করা ও রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার তারিখ | ০১ /০৯/২০১৫ থেকে ১৭/০৯/২০১৫ পর্যন্ত। |
| | বিলম্ব ফি সহ T.T. Slip বের করা ও রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার তারিখ | ২০/০৯/২০১৫ থেকে ২৩/০৯/২০১৫ পর্যন্ত। |
| | পূরণকৃত e-SIF Submission এর তারিখ | ২৭/০৯/২০১৫ থেকে ২৬/১০/২০১৫ পর্যন্ত। |

৪. পূরণকৃত **e-SIF**-এর প্রিন্টআউট এর মূল কপি,T.T. Slip, টটলিস্ট, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও আলিম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র অথবা হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি, অনুমোদিত কমিটির প্রজ্ঞাপনের সত্যায়িত ফটোকপি এবং স্ব স্ব মাদরাসার প্যাডে আবেদন সহ ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদরাসা প্রধান প্রতিস্বাক্ষর করে (বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফি সহ) ২৮/১০/২০১৫ তারিখের মধ্যে ঢাকা অঞ্চল মাদরাসা বোর্ডে এবং অন্যান্য অঞ্চল বোর্ডের আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদরাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে যথাসময়ে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন।

৫. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একটি T.T ব্যবহার করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

৬. বোর্ড/আঞ্চলিক কার্যালয়ে দাখিল পাসের **মূল** একাডেমিক ট্রান্সক্রীপ্ট জমা দিতে হবে (**ফটোকপি** মাদরাসায় সংরক্ষিত থাকবে)। e-SIF Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিভাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তন জনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে **প্রতিষ্ঠান (মাদরাসা থেকে মাদরাসা) পরিবর্তনের (টি.সি) আবেদন ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত করা যাবে। অনিয়মিত শিক্ষার্থী টি.সির জন্য আবেদন করতে পারবে না।**

৭. পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন অথবা স্বীকৃতি বাতিল মাদরাসা সমূহে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন করা যাবে না। পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্ত অথবা স্বীকৃতি প্রাপ্ত কোন মাদরাসার অননুমোদিত কোন শাখায় অথবা কোন বিষয়ে ছাত্র/ছাত্রীর রেজিস্ট্রেশন করা যাবে না।

উল্লিখিত বিষয়ে কোন রূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারী মাদরাসার ক্ষেত্রে মাদরাসা প্রধানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সহ মাদরাসাটির এম.পি.ও. ভুক্তি বাতিল এর সুপারিশ করা হবে এবং সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়/ মহা-পরিচালক (মাউশি) কে অনুরোধ করা হবে।

৮. বিভাগ ও বিষয় পরিবর্তনের আবেদন করার সময় সীমা ১০-০৯-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত। e-SIF Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত বিভাগ ও বিষয় পরিবর্তন করা যাবে না (সাধারণ বিভাগ থেকে বিজ্ঞান বিভাগে পরির্বতনের আবেদন গ্রহণ যোগ্য নয়)।

৯. রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ-

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ১২০.০০ টাকা |
| খ | ক্রীড়া ফি | ৩০.০০ টাকা |
| গ | রোভার স্কাউট/ গার্লস গাইড ফি | ১৫.০০ টাকা |
| ঘ | রেডক্রিসেন্ট ফি | ২০.০০ টাকা |
| ঙ | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি | ০৭.০০ টাকা |
| চ | অন্ধকল্যাণ তহবিল ফি | ০৫.০০ টাকা |
| ছ | **বিলম্ব ফি ব্যতিত মোট ফি** | **১৯৭.০০ টাকা** |
| জ | মাদরাসা প্রতি ফি (ক্রীড়া উন্নয়ন) | ২০০.০০ টাকা |
| ঝ | বিলম্ব রেজিস্ট্রেশন ফি | ৫০.০০ টাকা |
| ঞ | পাঠবিরতি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ১০০.০০ টাকা |
| ট | শাখা ও বিষয় পরিবর্তন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৫.০০ টাকা |

১০. যে কোন ধরনের জটিলতা/সমস্যা সৃষ্টি হলে প্রথমতঃ কেন্দ্রীয় মাদরাসা প্রধানের সাথে এবং পরবর্তীতে মাদরাসা প্রধান বিজ্ঞপ্তি সহ বোর্ডের সংশ্লিষ্ট শাখায় সরাসরি আবেদন করে সমাধান করে নিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহন করা হবে না।

১১. যে সকল মাদরাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদরাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না।

১২. মাদরাসা প্রধানের নিকট সংরক্ষিত ২০১৫ সালের দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশন (e-SIF) কাজে ব্যবহারকৃত **Password** ব্যবহার করিতে হবে।

১৩. ডাকযোগে রেজিস্ট্রেশন সংক্রান্ত কোন আবেদন পত্র গ্রহণ যোগ্য নয়।

১৪. অত্র বিজ্ঞপ্তিটি মাদরাসা প্রধান বিশেষ ভাবে প্রতিপালন ও সংরক্ষণ করবেন।

বিঃদ্রঃ- অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ করা হবে।

**Help Line No- 01757291281, 01757291282, 01757291283**

১৮/৮/১৫

(এ, কে, এম, ছায়েফ উল্যা)
চেয়ারম্যান (দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ৮৬২৬১৩৮

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১,(আংশ-১২)/১০৪৭/১২ তারিখঃ ১৮/০৮/২০১৫ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ ঃ

০১. মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৩. হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৪. সিঃ সিষ্টেম এনালিষ্ট, (চলতি দায়িত্ব) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. জনাব,মোঃ আমির উদ্দিন। প্রোগ্রামার,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
০৭. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
(নির্ধারিত সময়ের মধ্যে মাদরাসা প্রধানগন কর্তৃক প্রস্তুতকৃত টটলিস্ট,e-SIF এর প্রিন্ট আউটের (মূল) কপি T.T Slip,পাঠদানের অনুমতি/স্বীকৃতি পত্র/স্বীকৃতি নবায়ন পত্রের সত্যায়িত ফটোকপি ও মাদরাসা প্যাডের আবেদন পত্র সহ ০৩ (তিন) সেট গ্রহন পূর্বক ০১ (এক) সেট রিসিভ করে ফেরত দেবেন ও ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন এবং টটলিস্টের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে ১৫ (পনের) দিনের মধ্যে ০১ (এক) সেট বোর্ডের রেজিস্ট্রেশন শাখায় জমা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
০৮. অত্র বোর্ডের অধীনে স্বীকৃতি প্রাপ্ত/পাঠদান অনুমতি প্রাপ্ত সকল মাদরাসা প্রধানগণ।
০৯. Help Line এর সকল সদস্য।
১০. পি.এ.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. পি.এ.টু পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি।

১৮.৮.১৫

(মোঃ কামাল উদ্দিন)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ-৯৬৭৫৪০৩

“নমূনা ছক”

# BANGLADESH MADRASAH EDUCATION BOARD, DHAKA

## TOT LIST FOR ALIM REGISTRATION: 2015-2016, EXAMINATION- 2017

| | | | |
|---|---|---|---|
| ZILLA CODE | : | ZILLA NAME | : |
| UPAZILLA/THANA CODE | : | UPAZILLA/TAHANA NAME | : |
| CENTRE CODE | : | CENTRE NAME | : |
| POST OFFICE CODE | : | POST OFFICE NAME | : |
| MADRASAH CODE | : | MADRASAH NAME | : |
| EIIN NO | : | GROUP | : |

| SL | STUDENT'S NAME | FATHER'S NAME | MOTHER'S NAME | DATE OF BIRTH | Previous Passing Information DAKHIL | | OPTIONAL SUBJECT | REG. FEE | LATE FEE | TOTAL FEE | STUDENT'S SIGNATURE |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ROLL NO/ PASSING YEAR | REG. NO/ SESSION | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| TOTAL STUDENT : | | GARND TOTAL FEE : | | TT NO : | |
| | | | | DATE : | |
| | | | | SONALI BANK BRANCH NAME: | |

| |
|---|
| বোর্ড কর্তৃক মাদরাসার স্বীকৃতি/অনুমতি পত্রের স্মারক নম্বর ও তারিখ ঃ............................................ |
| অনুমতি/স্বীকৃতির মেয়াদ ঃ ................................ |
| গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ............................................ |

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উল্লিখিত শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও বিষয় কোড ইত্যাদি সঠিকভাবে লেখা হয়েছে।

অফিস সহকারী
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
আঞ্চলিক কার্যালয়,................

সহকারী পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
আঞ্চলিক কার্যালয়,................

অধ্যক্ষ/সুপারের স্বাক্ষর ও নামের সীল
তারিখ ঃ.............................